গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাণিজ্য মন্ত্রণালয়
বাণিজ্য সংগঠন-২
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mincom.gov.bd

স্মারক নম্বর: ২৬.০০.০০০০.০০০.১৫৭.৩৩.০০০১.২৬.৩৬৩

তারিখ: ২ কার্তিক ১৪৩৩ বঙ্গাব্দ
১৮ অক্টোবর ২০২৬ খ্রিস্টাব্দ

বিষয়: সুপ্ত বাণিজ্য সংগঠন হিসেবে ঘোষণা সংক্রান্ত

সূত্র: (১) আরজেএসসি হতে প্রাপ্ত স্মারকের নং-২৬.০০.০০০০.০০০.০৬১.৩২.০০০১.২৩.২৭ তারিখঃ ১৯/০৮/২০২৬
(২) ০৭ অক্টোবর ২০২৬ তারিখের শুনানির কার্যবিবরণীর সিদ্ধান্ত

উপর্যুক্ত বিষয় ও সূত্রোস্থ স্মারকের পরিপ্রক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পান রপ্তানিকারক সমিতির কার্যক্রমে দেশের পান রপ্তানি খাতে প্রতিবন্ধকতা সৃষ্টির মাধ্যমে পান রাপ্তানি হ্রাস, রপ্তানিকালে অহেতুক কালক্ষেপন, সিন্ডিকেট করে চাঁদাবাজির কারনে রপ্তানি ব্যয় বৃদ্ধি, পান চাষীগণের ন্যায্যমূল্য থেকে বঞ্চিত হওয়া, পান রপ্তানি বাজার সংকুচিত হওয়া, যে উদ্দেশ্যে সংগঠনটি প্রতিষ্ঠিত হয়েছিল তার বিপরীতমুখী কার্যক্রম সম্পন্ন করা এবং বাণিজ্য সংগঠন আইন ও বাণিজ্য সংগঠন বিধিমালা অনুসারে বাণিজ্য মন্ত্রণালয় ও যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তরে প্রয়োজনীয় দলিলাদি দাখিল না করায় বাংলাদেশ পান রপ্তানিকারক সমিতি-কে বাণিজ্য সংগঠন আইন ২০২২-এর ধারা ৬(১) এবং বাণিজ্য সংগঠন বিধিমালা, ২০২৫-এর বিধি ৯(২) অনুযায়ী সুপ্ত বাণিজ্য সংগঠন হিসেবে ঘোষণা করা হলো। সুপ্ত ঘোষণা করার কারণে সংগঠনটির কোন কার্যক্রম চলমান থাকবে না।

১৮-১০-২০২৬
চৌধুরী সামিয়া ইয়াসমীন
উপসচিব
ফোন : +৮৮ ০২ ৫৫১০০৫৩০
ফ্যাক্স : +৮৮ ০২ ৯৫৪০২১৩
ইমেইল : to2@mincom.gov.bd

সভাপতি/সাধারণ সম্পাদক
বাংলাদেশ পান রপ্তানিকারক সমিতি, হাবীব প্লাজা (৩য় তলা), ৫০ গুলশান এভিনিউ, সার্কেল-০১, গুলশান, ঢাকা-১২১২।।

স্মারক নম্বর: ২৬.০০.০০০০.০০০.১৫৭.৩৩.০০০১.২৬.৩৬৩/১ (১৩)

তারিখ: ২ কার্তিক ১৪৩৩ বঙ্গাব্দ
১৮ অক্টোবর ২০২৬ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। গভর্নর, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল, ঢাকা।
২। ভাইস চেয়ারম্যান, রপ্তানি উন্নয়ন ব্যুরো, টিসিবি ভবন, ১ কারওয়ান বাজার, ঢাকা।
৩। প্রধান নিয়ন্ত্রক, আমদানি ও রপ্তানি নিয়ন্ত্রকের দপ্তর, ৬২/২ ক্রীড়া ভবন, (১৪-১৫ তলা) পল্টন, ঢাকা।
৪। নিবন্ধক, যৌথ মূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর, টিসিবি ভবন (৭ম তলা), ১ কারওয়ান বাজার, ঢাকা-১২১৫।
৫। কমিশনার অব কাস্টমস, কাস্টমস হাইজ ঢাকা/চট্টগ্রাম।
৬। অতিরিক্ত সচিব (সকল), বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭। যুগ্মসচিব (সকল), অনুবিভাগ প্রধান, রপ্তানি অনুবিভাগ, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৮। জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকা।
৯। সভাপতি, ফেডারেশন অব বাংলাদেশ চেম্বারর্স অফ কমার্স এনড ইন্ডাস্ট্রি (এফবিসিসিআই), ৬০ মতিঝিল, বা/এ, ঢাকা-১ ০০০।
১০। একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, বাণিজ্য মন্ত্রণালয়।
১১। সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, বাণিজ্য মন্ত্রণালয়।
১২। সিস্টেম এনালিস্ট, আইটি শাখা, বাণিজ্য মন্ত্রণালয়।
১৩। ব্যক্তিগত কর্মকর্তা, মহাপরিচালক (বাণিজ্য সংগঠন) এর দপ্তর, বাণিজ্য মন্ত্রণালয়।

১৮-১০-২০২৬
চৌধুরী সামিয়া ইয়াসমীন
উপসচিব